

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৫  
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৯.১৮.০১১.২৪.(অংশ-৩)-৭৯৪

তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ  
১১ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**বরাদ্দ পত্র**


উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হইয়া জানানো যাচ্ছে যে, অত্র মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অনুকূলে ন্যাস্তকৃত আইন ও বিচার বিভাগের অফিস সহায়ক জনাব রাসেল আহম্মেদ ভূইয় এর নামে বরাদ্দকৃত ঢাকার মতিঝিল এজিবি কলোনীর বি-৩/জি-১৩ বাসাটির পরিবর্তে এ বিভাগের ব্যক্তিগত কর্মকর্তা জনাব মো: শাহ আলম এর নামে বরাদ্দকৃত মতিঝিল এ,জি,বি, কলোনীর হাসপাতাল জোন এর বি-৮৩/জি-১৬ বাসাটি খালি সাপেক্ষে তার অনুকূলে নিম্ন বর্ণিত শর্তে সাময়িকভাবে বদলী বরাদ্দ প্রদান করা হল।

শর্তাবলী :-

১। এ বরাদ্দের দ্বারা বাসার উপর আপনার কোন অধিকার বর্তাইবে না কিন্তু আপনি পরবর্তী নির্দেশ জারী না হওয়া পর্যন্ত উক্ত বাসায় বসবাস করতে পারবেন।

২। এ বরাদ্দপত্র জারী হওয়ার দিন হতে ১০(দশ) দিনের মধ্যে অথবা খালি হওয়া সাপেক্ষে আপনাকে দখলভুক্ত করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল বলিয়া গণ্য হবে।

৩। এ বরাদ্দপত্র জারী হওয়ার ৪র্থ দিন হতে অথবা বাসাটি আপনার দখলে নেওয়ার দিন হতে যে দিনটি প্রথমে আসে সে দিন হতে আপনার নামে বাসা ভাড়া ও অন্যান্য দাবীর হিসাব শুরু হবে। এ সমস্ত দাবী আপনার বেতন হতে কর্তন করা হবে। আপনি আপনার নিজ স্বার্থেই সমস্ত দাবী নিয়মিতভাবে পরিশোধ করবেন যাহাতে কখনও বকেয়া না হয়। অন্যথায় আপনার অন্যত্র বদলী অথবা চাকুরী হতে অবসর গ্রহন ইত্যাদি উপলক্ষে বাসা হস্তান্তরের সময় আপনাকে সমুদয় দাবী পরিশোধ করাসহ নানাবিধ অসুবিধার মোকাবেলা করতে হতে পারে।



(মো: সাইফুজ্জামান)  
সিনিয়র সহকারী সচিব (প্রঃ)  
ফোন:৯৫৭৭৪২০(অঃ)


জনাব রাসেল আহম্মেদ ভূইয়া  
অফিস সহায়ক  
আইন ও বিচার বিভাগ  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

নং-১০.০০.০০০০.১২৯.১৮.০১১.২৪.(অংশ-৩)-৭৯৪

তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ  
১১ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-**

- ১। পরিচালক, সরকারী আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। নির্বাহী প্রকৌশলী, মতিঝিল, গণপূর্ত বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, ডেসা, মতিঝিল, ঢাকা।
- ৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৩, ঢাকা।
- ৫। উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত উপ-বিভাগ-১/২ মতিঝিল, ঢাকা।
- ৬। উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত উপ-বিভাগ-৭, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সচিব এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ৫০৩ ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। ম্যানেজার, তিতাস গ্যাস, কাওরান বাজার, ঢাকা।
- ১২। অনুসন্ধান অফিস, গণপূর্ত বিভাগ, মতিঝিল, ঢাকা।
- ১৩। ভাড়া শাখা, এস্টেট অফিস, আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। জনাব মো: শাহ আলম, ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ। আপনাকে উপরোক্ত বাসাটির দখল বর্তমান বরাদ্দ প্রাপক জনাব রাসেল আহম্মেদ ভূইয়া, অফিস সহায়ক, আইন ও বিচার বিভাগ -কে বুদ্ধিমে দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হল।
- ১৫। অফিস কপি।

  
(মো: সাইফুজ্জামান)  
সিনিয়র সহকারী সচিব (প্রঃ)